ভোরের কাগজ

MAR. 09 2002

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ...৩... কলাম ...৩...

ঢাকা বিশ্ববিদ্যালয়

# ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের সুবর্ণ জয়ন্তী উৎসব ২৯ মার্চ

পঞ্চাশ বছরপূর্তির চার বছর পর উদ্যোগ নেওয়া হয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের সুবর্ণ জয়ন্তী উদযাপনের। ১৯৪৮ সালে প্রতিষ্ঠিত এই বিভাগের বয়স ৫০ বছর পূর্ণ হয়েছে ১৯৯৮ সালে।

দীর্ঘ প্রতীক্ষার পর অবশেষে আগামী ২৯ মার্চ ২০০২, শুক্রবার দিনব্যাপী উদযাপিত হতে যাচ্ছে বিভাগের সুবর্ণ জয়ন্তী উৎসব। অনুষ্ঠানে বিভাগের সকল সাবেক ছাত্রছাত্রীকে অংশগ্রহণের জন্য বিশেষভাবে আমন্ত্রণ জানানো হয়েছে।

আগ্রহীদের আগামী ১৫ মার্চের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলাভবনে অবস্থিত বিভাগীয় কার্যালয়ে যোগাযোগ করে অংশগ্রহণের সম্মতি ও নিবন্ধন ফি বাবদ নগদ ৩০০/- টাকা জমা দিতে হবে। উল্লেখ্য, অনুষ্ঠানে নিবন্ধিত সাবেক ছাত্রছাত্রীদের স্ত্রী-স্বামীরাও অংশ নিতে পারবেন। বিজ্ঞপ্তি